# আল-আনকাবূত | Al-Ankabut | ٱلْعَنْكَبُوت

আয়াতঃ ২৯ : ৫৫

## আরবি মূল আয়াত:

يَومَ يَغشٰهُمُ العَذَابُ مِن فَوقِهِم وَ مِن تَحتِ اَرجُلِهِم وَ يَقُولُ ذُوقُوا مَا كُنتُم تَعمَلُونَ ﴿۵۵﴾

## অনুবাদসমূহ:

যেদিন আযাব তাদেরকে তাদের উপর থেকে ও তাদের পায়ের নীচে থেকে আচ্ছন্ন করে ফেলবে এবং তিনি বলবেন, ‘তোমরা যা করতে, তার স্বাদ আস্বাদন কর’। — আল-বায়ান

সেদিন ‘আযাব তাদেরকে ঢেকে নেবে তাদের উপর থেকে আর তাদের পায়ের নীচে হতে। আল্লাহ বলবেন- তোমরা যা করতে তার স্বাদ ভোগ কর। — তাইসিরুল

সেদিন শাস্তি তাদেরকে আচ্ছন্ন করবে উর্ধ্ব ও অধঃদেশ হতে এবং তিনি বলবেনঃ তোমরা যা করতে তার স্বাদ আস্বাদন কর। — মুজিবুর রহমান

On the Day the punishment will cover them from above them and from below their feet and it is said, "Taste [the result of] what you used to do." — Sahih International

৫৫. সেদিন শাস্তি তাদেরকে আচ্ছন্ন করবে তাদের উপর থেকে ও তাদের নীচ থেকে। আর তিনি বলবেন, তোমরা যা করতে তা আস্বাদন কর।

-

তাফসীরে জাকারিয়া

(৫৫) সেদিন শাস্তি ওদেরকে গ্রাস করবে ওদের উপর দিক ও নিচের দিক হতে এবং তিনি বলবেন,[1] ‘তোমরা যা করতে তার স্বাদ গ্রহণ কর।’

[1] ‘তিনি বলবেন’ ক্রিয়াটির কর্তা আল্লাহ অথবা ফিরিশতা। অর্থাৎ, যখন সর্বদিক থেকে তাদেরকে শাস্তি দেওয়া হবে, তখন তাদেরকে বলা হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3395

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন